

শ্ৰেণিকক্ষে অসামাজিক কৰ্মকাণ্ড: জবির দুই শিক্ষার্থী সাময়িক বহিষ্কাৰ

নিজস্ব প্ৰতিবেদক

প্ৰকাশ: ১৯ মে, ২০২৬ ২৩:৫১



জগন্নাথ বিশ্ববিদ্যালয়। ছবি: সংগৃহীত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শ্ৰেণিকক্ষে অসামাজিক
ও অনৈতিক কৰ্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে দুই
শিক্ষার্থীকে সাময়িকভাবে বহিষ্কাৰ করেছে বিশ্ববিদ্যালয়
প্ৰশাসন। মঙ্গলবার (১৯ মে) রাতে বিশ্ববিদ্যালয়ের

অফিশিয়াল ফেসবুক পেজে দেওয়া এক বিজ্ঞপ্তিতে এই সিদ্ধান্তের কথা জানানো হয়।

বহিষ্কৃতরা হলেন— বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ শিক্ষাবর্ষের আইন বিভাগের শিক্ষার্থী উৎস দাস এবং সমাজকর্ম বিভাগের শিক্ষার্থী স্নেহা।

বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা গেছে, সোমবার (১৮ মে) সমাজকর্ম বিভাগের একটি শ্রেণিকক্ষে ওই দুই শিক্ষার্থীকে আপত্তিকর ও অনৈতিক অবস্থায় দেখতে পান সাধারণ শিক্ষার্থীরা। পরবর্তীতে ঘটনার ভিডিও এবং ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে বিশ্ববিদ্যালয়জুড়ে ব্যাপক সমালোচনা ও ক্ষোভের সৃষ্টি হয়।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, শ্রেণিকক্ষে দুই শিক্ষার্থীর অনৈতিক ও অসামাজিক কর্মকাণ্ডের কারণে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান

আইন, শান্তি-শৃঙ্খলা এবং শিক্ষার পরিবেশ মারাত্মকভাবে
ক্ষুণ্ণ হয়েছে।

এই শৃঙ্খলাভঙ্গের দায়ে প্রশাসন উভয় শিক্ষার্থীকে
সাময়িকভাবে বহিষ্কার করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।